

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসারের কার্যালয়
কুষ্টিয়া
www.kushtia.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৫০০০.০০৪.১৮.০৪৩.২৩-১২৫৮/১

তারিখঃ ০১ অগ্রহায়ণ ১৪৩০
১৬ নভেম্বর ২০২৩

অনলাইনে মনোনয়নপত্র দাখিল সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য সময়সূচি প্রকাশ করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ আগামী ৩০ নভেম্বর ২০২৩। সম্ভাব্য যোগ্য ব্যক্তিগণ মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ বা তার পূর্বে যেকোন দিন অনলাইনে বা ফরম-১ এ সরাসরি মনোনয়ন ফরম দাখিল করতে পারবেন।

০২। মনোনয়নপত্র দাখিল: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর ৬৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের বিধান অনুসারে যোগ্য ব্যক্তিগণ অনলাইনে বা ফরম-১ এ সরাসরি মনোনয়নপত্র দাখিল করতে পারবেন। নিম্নে বর্ণিত যথাযথ প্রক্রিয়ায় অনলাইনে পূরণ করে সাবমিট করতে হবে।

(১) অনলাইনে মনোনয়নপত্র দাখিল: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (৩) দফার (খ) উপদফার বিধান এবং নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর ৩ বিধির (১) (খ), (২) ও (৩) উপবিধি অনুসারে অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:

(ক) অনলাইনে মনোনয়নপত্র দাখিলের জন্য নির্বাচনের যোগ্য ব্যক্তিগণকে বাংলাদেশ নির্বাচন কমিশনের অফিসিয়াল ওয়েবসাইটে www.ecs.gov.bd গিয়ে অনলাইনে মনোনয়নপত্র দাখিল লিংকে ক্লিক করতে হবে। ওয়েবপোর্টালে প্রবেশ করে মনোনয়নপত্র দাখিলে ইচ্ছুক ব্যক্তির নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি এলাকার নম্বর ও নাম এন্ট্রি করে মনোনয়নপত্রের জন্য রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর মনোনয়নপত্র দাখিলে ইচ্ছুক ব্যক্তি একটি ইউজার নেম ও পাসওয়ার্ড পাবেন। প্রাপ্ত ইউজার নেম ও পাসওয়ার্ড ব্যবহার করে মনোনয়নপত্র ডাউনলোড করতে পারবেন।


(খ) ইউজার নেম ও পাসওয়ার্ড ব্যবহার করে প্রার্থী নিজের মনোনয়নপত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র স্ক্যান করে পিডিএফ আকারে দাখিল করতে পারবেন।

(গ) উল্লিখিত পদ্ধতিতে মনোনয়নপত্র দাখিলের পর প্রার্থী প্রদত্ত মোবাইল নম্বরে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস এর মাধ্যমে দাখিলের বিষয়টি নিশ্চিত হবেন।

(ঘ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রে ক্রমিক নং প্রদান করে উক্ত ক্রমিক নম্বরসহ মনোনয়নপত্রে তৃতীয় খণ্ডে প্রার্থীর নাম, দাখিলের তারিখ ও সময় এবং বাছাইয়ের স্থান, তারিখ ও সময় মনোনয়নপত্রে পঞ্চম খণ্ডে উল্লেখপূর্বক স্বাক্ষর ও সীলমোহর প্রদান করে পিডিএফ আকারে প্রার্থীকে ই-মেইলে প্রেরণ করবেন।

(ঙ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্রে সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূলকপি মনোনয়নপত্র বাছাইয়ের জন্য নির্ধারিত দিনে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করতে হবে।

উল্লেখ্য যে, কুষ্টিয়া জেলার ০৪টি সংসদীয় আসনের [৭৫ কুষ্টিয়া-১ (দৌলতপুর), ৭৬ কুষ্টিয়া-২ (মিরপুর ও ভেড়ামারা), ৭৭ কুষ্টিয়া-৩ (কুষ্টিয়া সদর), ৭৮ কুষ্টিয়া-৪ (খোকসা ও কুমারখালী)] সম্ভাব্য যোগ্য ব্যক্তিগণ উপরে নির্দেশনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখ বা উক্ত দিনের পূর্ববর্তী যেকোন দিনে অনলাইনে মনোনয়নপত্র দাখিল করতে পারবেন।


(মোঃ এহেতেশাম রেজা)
জেলা প্রশাসক, কুষ্টিয়া
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
☎ ০২৪৭৭৭৮২৩০০
dckushtia@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৫০০০.০০৪.১৮.০৪৩.২৩-১২৫৮/১

তারিখঃ ০১ অগ্রহায়ণ ১৪৩০
১৬ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। পুলিশ সুপার, কুষ্টিয়া।
- ৫। জেলা নির্বাচন অফিসার, কুষ্টিয়া।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, (সকল), কুষ্টিয়া (এই গণ-বিজ্ঞপ্তিটি তাঁর উপজেলার সর্বত্র প্রচার এবং নিজ কার্যালয়সহ অন্যান্য কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। সিনিয়র জেলা তথ্য অফিসার, কুষ্টিয়া (গণ-বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় বহুল প্রচারের অনুরোধসহ)
- ৮। উপজেলা নির্বাচন অফিসার, (সকল), কুষ্টিয়া।
- ৯। অফিস কপি।

(মোঃ এহেতেশাম রেজা)
জেলা প্রশাসক, কুষ্টিয়া
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন